

বঙ্গভবনে রাষ্ট্রপতি আবদুস সাত্তার নয়া মন্ত্রী পরিষদের প্রতিমন্ত্রীদের শপথ বাক্য পাঠ করাচ্ছেন। সামনের সারিতে উপবিষ্ট (বাম থেকে) প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান এবং ক্যাবিনেট মন্ত্রীদের মধ্যে অধ্যাপক এম, শামসুল হক, আবদুল হালিম চৌধুরী, শামসুল হুদা চৌধুরী, ফসিহউদ্দিন মাহতাব, অধ্যাপক আবদুল মতিন, মঈদুল ইসলাম ও অধ্যাপক ইউসুফ আলী।

# ১৮ সদস্যের নয়া মন্ত্রিসভার শপথ গ্রহণ

গতকাল শুক্রবার সকালে বঙ্গভবনে ১৮ সদস্যের নয়া মন্ত্রী পরিষদ শপথ গ্রহণ করেছে। ১০ জন মন্ত্রী এবং ৮ জন প্রতিমন্ত্রী নিয়ে গঠিত এ পরিষদে শাহ আজিজুর রহমান পুনরায় প্রধান মন্ত্রী হয়েছেন।

বাসস জানায়, রাষ্ট্রপতি ভবনে 'ক্রেডেনসিয়াল রুমে' রাষ্ট্রপতি আবদুস সাত্তার এক অনাড়ম্বর অনুষ্ঠানে মন্ত্রীদের শপথ অনুষ্ঠান পরিচালনা করেন। ১৭ জন মন্ত্রী ও প্রতিমন্ত্রী শপথ গ্রহণ করেন সকালের অনুষ্ঠানে এবং একজন সন্ধ্যায় শপথ নেন।

মন্ত্রীদের মধ্যে যাঁরা শপথ নিয়েছেন তাঁরা হলেন...শাহ আজিজুর রহমান, অধ্যাপক শামসুল হক; জনাব শামসুল হুদা চৌধুরী, জনাব ফসিহউদ্দিন মাহতাব, জনাব আবদুল হালিম চৌধুরী, অধ্যাপক এম,এ মতিন, জনাব মঈদুল ইসলাম, জনাব টি, এইচ খান এবং অধ্যাপক ইউসুফ আলী। প্রতিমন্ত্রীরা হলেন জনাব আমিরুল ইসলাম কালাম, শ্রী সুনীল কুমার গুপ্ত, চৌধুরী কামাল ইবনে ইউসুফ, জনাব এ, কে ফয়জুল হক, জনাব অলি আহমদ, মিসেস কামরুন্নাহার জাফর এবং সৈয়দ মঞ্জুর হোসেন। সন্ধ্যায় শপথ নেন খন্দকার আবদুল হামিদ।

শপথ গ্রহণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপ-রাষ্ট্রপতি ডঃ এম, এন হুদা, সেনাবাহিনীর চীফ প্রধান লেঃ জেনারেল এইচ, এম এরশাদ, নৌবাহিনীর চীফ প্রধান রিয়ার এডমিরাল এম, এ খান এবং বিমান বাহিনীর চীফ প্রধান এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ।

উল্লেখ্য, রাষ্ট্রপতি আবদুস সাত্তার প্রশাসনকে দুর্নীতিমুক্ত করার লক্ষ্যে গত বৃহস্পতিবার রাতে তার ৪২ সদস্যবিশিষ্ট ৭৭ দিনের মন্ত্রী পরিষদ ভেঙ্গে দিয়েছেন।

## কোন দফতর কার হাতে

রাষ্ট্রপতি আবদুস সাত্তার নিজের হাতে রেখেছেন রাষ্ট্রপতির সচিবালয়, ক্যাবিনেট বিভাগ, সংস্থাপন বিভাগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার এবং সেচ মন্ত্রণালয়, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ।

উপরাষ্ট্রপতির হাতে রয়েছে বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়।

অন্যান্য মন্ত্রণালয়গুলোর দায়িত্ব বন্টন করা হয়েছে এভাবে প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় অধ্যাপক মোহাম্মদ শামসুল হক পররাষ্ট্র মন্ত্রণালয়, জনাব আবদুল হালিম চৌধুরী খাদ্য মন্ত্রণালয় ও কৃষি মন্ত্রণালয় জনাব শামসুল হুদা চৌধুরী রেলওয়ে, সড়ক ও মহাসড়ক এবং বন্দর জাহাজ চলাচল এবং অভ্যন্তরীণ জল পরিবহণ, ডঃ ফসিহউদ্দিন মাহতাব অর্থ মন্ত্রণালয়, ডাঃ এম, এ মতিন স্বরাষ্ট্র মন্ত্রণালয়, খন্দকার আবদুল হামিদ স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয় এবং শ্রম, জনশক্তি ও সমাজকল্যাণ মন্ত্রণালয়, জনাব এ, কে, এম, মঈদুল ইসলাম জ্বালানি এবং ডাক, তার ও টেলিফোন এবং বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়, অধ্যাপক মোহাম্মদ ইউসুফ আলী পাট ও বস্ত্র মন্ত্রণালয় এবং জনাব তোফাজ্জল হোসেন খান শিক্ষা মন্ত্রণালয় এবং তথ্য, বেতার, ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয়।

প্রতিমন্ত্রীদের দায়িত্ব: জনাব আমিরুল ইসলাম কালাম মৎস্য ও পশু পালন মন্ত্রণালয়, শ্রী সুনীল কুমার গুপ্ত জ্বালানি এবং ডাক, তার ও টেলিফোন এবং বে-সামরিক বিমান চলাচল এবং পর্যটন মন্ত্রণালয়, মিঃ অংশু প্রু চৌধুরী স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ এবং শ্রম, জনশক্তি ও সমাজকল্যাণ মন্ত্রণালয়, চৌধুরী কামাল ইবনে ইউসুফ ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রণালয়, জনাব এ, কে ফয়জুল হক গণপূর্ত ও নগর উন্নয়ন মন্ত্রণালয়, জনাব অলি আহমদ যুব উন্নয়ন মন্ত্রণালয়, মিসেস কামরুন্নাহার জাফর মহিলা বিষয়ক মন্ত্রণালয় এবং সৈয়দ মঞ্জুর হোসেন বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়।